গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৭

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৮

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৯

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৪

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

পরিবর্তনশীল বিশ্ব ব্যবস্থায় বাংলাদেশের কূটনৈতিক কর্মকান্ড এখন বহুমাত্রিক। একটি সমন্বিত, কার্যকর ও বেগবান পররাষ্ট্রনীতির মাধ্যম আন্তর্জাতিক বিশ্বে বাংলাদেশকে একটি সক্রিয়, প্রতিশ্রুতিশীল এবং দায়িত্বশীল রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। সাম্প্রতিককালে এই মন্ত্রণালয় দ্বিপাক্ষিক কূটনৈতিক প্রচেষ্টা এবং আন্তর্জাতিক আইনের সফল প্রয়োগের মাধ্যমে ভারতের সাথে স্থলসীমা নির্ধারণ, ছিটমহল বিনিময় এবং ভারত ও মিয়ানমারের সাথে শান্তিপূর্ণ উপায়ে সমুদ্রসীমা নির্ধারণে সক্ষম হয়েছে। অন্যদিকে, বহুপাক্ষিক কূটনৈতিক তৎপরতায় জাতিসংঘের শান্তিরক্ষী মিশনে সেনা এবং পুলিশ সদস্য প্রেরণ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং অভিবাসন বিষয়ে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় সফলতার সাথে অংশ নিয়ে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় লক্ষণীয় ভূমিকা পালনসহ IMO, OPCW, GFMD ছাড়াও জাতিসংঘ এবং জাতিসংঘের বিভিন্ন অংগসংগঠনসমূহের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত হয়েছে। পাশাপাশি, যুদ্ধাপরাধীদের বিচার, অভিবাসন, পোশাক শিল্প শ্রমিক অধিকারসহ গুরুত্বপূর্ণ বিষয়াদিতে সাফল্যের সাথে বিশ্বব্যাপী জনমত গঠন এবং এ বিষয়ে সংঘটিত নেতিবাচক অপপ্রচারের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে। অধিকন্তু, বিদেশস্থ প্রায় সকল মিশনে এমআরপি (মেশিন রিডেবল পাসপোর্ট) এবং উল্লেখযোগ্য সংখ্যক মিশনে এমআরভি (মেশিন রিডেবল ভিসা) সুবিধা চালু করে প্রবাসী বাংলাদেশীসহ বাংলাদেশে আগমনেচ্ছু বিদেশীদের এতদসংক্রান্ত সেবায় উল্লেখযোগ্য পরিবর্তন আনতে সক্ষম হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পররাষ্ট্র মন্ত্রণালয়ের অপ্রতুল জনবল ও সাংগঠনিক কাঠামো এবং বিদেশে সংঘটিত অপ্রত্যাশিত, আকস্মিক ও অদৃষ্টপূর্ব পরিস্থিতি মোকাবেলা এবং এ ধরনের পরিস্থিতিতে প্রবাসী বাংলাদেশীদের নিরাপদ প্রত্যাবাসনের জন্য অর্থ ও আনুষঙ্গিক সাহায্যের অপর্যাপ্ততা এ মন্ত্রণালয়ের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি আরো জোরদার করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিক-নির্দেশনায় সদর দপ্তর ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের জনবল কাঠামো বৃদ্ধি ও সুষমীকরণের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় সদর দপ্তরের জনবল কাঠামো ১১৪ থেকে ১৭৫ পর্যন্ত উন্নীতকরণ এবং বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের কূটনৈতিক উইং এর জন্য স্বল্প মেয়াদে (২০১৫-২০১৭) ৯৪ জন, মধ্য মেয়াদে (২০১৮-২০) ৪৯ জন এবং দীর্ঘমেয়াদে (২০২১-২৪) ৩০ জন অতিরিক্ত জনবল চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়েছে। বিদেশে বাংলাদেশী নাগরিকদের নিরাপত্তা প্রদান নিশ্চিত করা এ মন্ত্রণালয়ের একটি নিয়মিত কাজ। যেকোনো পরিস্থিতিতে প্রবাসী বাংলাদেশীদের নিরাপদ প্রত্যাবসনের জন্য বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহ সংশ্লিষ্ট দেশের সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে থাকে। ভবিষ্যতে সংশ্লিষ্ট দেশে অবস্থিত অন্যান্য দেশের দূতাবাস এবং উন্নয়ন সহযোগিতা সংস্থাসমূহের সঙ্গে আরো ঘনিষ্ঠভাবে কাজ করার পরিকল্পনা রয়েছে এ মন্ত্রণালয়ের।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিদেশস্থ নতুন ৬টি বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল পাসপোর্ট (এম. আর. পি.) এবং ৫ টি বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা (এম. আর. ভি.) প্রদান কার্যক্রম চালুকরণ;
- বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ থেকে প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদানের সময়সীমা ৩০ দিন থেকে ২৫ দিনে হ্রাস করা;
- বিভিন্ন দেশে বাণিজ্যমেলা আয়োজনের মাধ্যমে বিদেশে বাংলাদেশের পণ্যবাজার সম্প্রসারণ;
- মালয়েশিয়াসহ যেসকল দেশে শ্রমরপ্তানী বন্ধ রয়েছে তা চালুকরণ এবং আফ্রিকা মহাদেশে বাংলাদেশের শ্রমবাজার সম্প্রসারণ;
- আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারিত্বের সম্পর্ক জোরদারকরণ এবং
- আফ্রিকা মহাদেশের আলজেরিয়া ও রুমানিয়াতে বাংলাদেশ দূতাবাস স্থাপন।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দে

**১.১ রূপকল্প (Vision):**

আন্তর্জাতিক পরিমন্ডলে জাতীয় স্বার্থ সংরক্ষণ এবং দেশের ভাবমূর্তি সমুন্নতকরণ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

উপযোগিতাভিত্তিক পররাষ্ট্রনীতিকে সামনে রেখে একটি দক্ষ ও পরিমার্জিত কূটনৈতিক সার্ভিস গড়ে তোলা।
আন্তর্জাতিক প্রেক্ষাপটে উদীয়মান, আত্মবিশ্বাসী এবং দায়িত্বশীল একটি রাষ্ট্র হিসাবে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ এবং (enhancement)।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ
২. আঞ্চলিক, উপ-আঞ্চলিক, বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ ও স্বার্থ সংরক্ষণ
৩. দ্রুততর ও সুদক্ষ কনস্যুলার সেবা প্রদান
৪. বাংলাদেশের পণ্য ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা
৫. অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার আয়োজন ও বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ
৬. জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল ও সফল অংশগ্রহণ এবং বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তির উন্নয়ন
৭. আঞ্চলিক ও বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত অভিযোজন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সকল রাষ্ট্র, বিশেষত প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট রাজনৈতিক এবং কূটনৈতিক সম্পর্ক সংরক্ষণ ও উন্নয়ন;
২. জাতিসংঘসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থাসমূহ এবং অন্যান্য রাষ্ট্রের সাথে সমন্বয়ের লক্ষ্যে নিয়মিত যোগাযোগ এবং আলোচনা ও সংলাপে অংশগ্রহণ;
৩. জাতিসংঘসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থাসমূহ এবং অন্যান্য রাষ্ট্রের সাথে চুক্তি এবং সমঝোতা স্মারক সম্পাদন;
৪. আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ এবং বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক কাঠামোর অংশ হিসেবে চলমান বিশ্বশান্তি, নিরাপত্তা এবং টেকসই উন্নয়ন বিষয়ে সক্রিয় এবং নেতৃত্বশীল ভূমিকা পালন;
৫. কূটনৈতিক এবং কনস্যুলার প্রতিনিধিত্বের মাধ্যমে প্রবাসীগণকে বিভিন্ন কনস্যুলার এবং কল্যাণমূলক সেবা প্রদান;
৬. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের পরিচালনা এবং ব্যবস্থাপনা;
৭. আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি ও তৎপরতা অধিকতর দৃশ্যমান করার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ দেশে নতুন নতুন মিশন স্থাপন;

৮. বৈদেশিক সম্পর্ক সংশ্লিষ্ট যেকোন বিষয়/ইস্যুতে সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে সমন্বয় সাধন;

৯. অন্যান্য মন্ত্রণালয়ের প্রাসঙ্গিক লক্ষ্যসমূহ বাস্তবায়ন প্রক্রিয়াকে সহজীকরণ (যেমন, বিদেশে বাংলাদেশের পণ্যবাজার সম্প্রসারণে বাণিজ্য মন্ত্রণালয় এবং শ্রমবাজার সম্প্রসারণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণ) এবং

১০. মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সকল বিদেশ সফর আয়োজন, বিদেশী রাষ্ট্র এবং সরকার প্রধানগণের বাংলাদেশ সফর আয়োজন এবং এতদসংক্রান্ত রাষ্ট্রাচার এবং ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| ICAO এর MRP সংশ্লিষ্ট নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণ | MRP কভারেজভুক্ত মিশন | সংখ্যা | ৬৩ | ৬৪ | ৭০ | ৭৩ | ৭৩ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় | মিশন ও মন্ত্রণালয় |
| বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহ থেকে প্রবাসী বাংলাদেশীদেরকে পাসপোর্ট প্রদান দ্রুততর করণ | MRP প্রদানের সময় | দিন | ৪৫ | ৩০ | ২৫ | ২২ | ২০ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় | মিশন |
| প্রবাসী বাংলাদেশীদের কন্স্যুলার পরিষেবা প্রদানের সময় হ্রাস/ দক্ষতা বৃদ্ধি | মিশন সমূহে কন্স্যুলার পরিষেবা প্রদানে ব্যয়িত সময় | দিন | ৭ | ৭ | ৪ | ৪ | ৪ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় | মিশন |
| মন্ত্রনালয়ে সুদক্ষভাবে কন্স্যুলার পরিষেবা প্রদানের সময় হ্রাস/ দক্ষতা বৃদ্ধি | মন্ত্রনালয়ে কন্স্যুলার পরিষেবা প্রদানে ব্যয়িত সময় | দিন | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | পররাষ্ট্র মন্ত্রণালয় | মন্ত্রণালয় |
| MRV প্রদানের মাধ্যমে ভিসা প্রদান পদ্ধতি সহজিকরণ ও আধুনিকায়ন | MRV কার্যক্রম চালুকৃত মিশন | সংখ্যা | ২২ | ৪০ | ৪৫ | ৪৭ | ৫০ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় | মিশন |
| বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক বৃদ্ধি ও সম্প্রসারণ | প্রতিবছর চালুকৃত মিশন | সংখ্যা | ০৩ | ০৪ | ০২ | ০২ | ০৩ | পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় | মন্ত্রণালয় |
| বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের প্রতিনিধিত্ব বৃদ্ধিকরণ | আন্তর্জাতিক সংস্থার বিভিন্ন পদে নির্বাচন/মনোনয়ন | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৫ | ৬ | পররাষ্ট্র মন্ত্রণালয় | মন্ত্রণালয় |
| বাংলাদেশের পণ্য রপ্তানি বৃদ্ধি | প্রতিবছর আয়োজিত বাণিজ্য মেলা | সংখ্যা | ৭ | ৮ | ৯ | ৯ | ১০ | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় | মন্ত্রণালয় |
| অর্থনৈতিক কূটনীতির মাধ্যমে বিভিন্ন দেশের সাথে অর্থনৈতিক সম্পর্ক বৃদ্ধি ও সুসংহতকরণ | অর্থনৈতিক সহযোগিতা বিষয়ক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর | সংখ্যা | ৪ | ৪ | ৫ | ৪ | ৪ | পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় | মন্ত্রণালয় |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ | ২১ | [১.১] ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | [১.১.১] অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | সংখ্যা | ৪.০০ | ৫ | ১০ | ১০ | ৯ | ৮ | ০৭ | ০৬ | ১০ | ১১ |
| | | [১.২] মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন | [১.২.১] আয়োজিত বৈঠক | সংখ্যা | ৪.০০ | ৭ | ৩৯ | ৪০ | ৩৫ | ৩২ | ৩০ | ২৮ | ৩৬ | ৩৭ |
| | | [১.৩] দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর | [১.৩.১] স্বাক্ষরিত চুক্তি | সংখ্যা | ৩.০০ | ১৮ | ০৫ | ০৫ | ০৪ | ০৩ | | | ০৭ | ০৭ |
| | | [১.৪] দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | সংখ্যা | ২.০০ | ০৬ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১৩ | ১৪ |
| | | [১.৫] বিদেশী সরকার ও রাষ্ট্র প্রধানের বাংলাদেশ সফর আয়োজন | [১.৫.১] আয়োজিত সফর | সংখ্যা | ২.০০ | ০৩ | ০১ | ০৩ | ০২ | ০১ | | | ০৩ | ০৩ |
| | | [১.৬] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফর আয়োজন | [১.৬.১] আয়োজিত সফর | সংখ্যা | ৪.০০ | ১৫ | ০৯ | ১২ | ১০ | ০৮ | ০৭ | ০৬ | ০৯ | ০৯ |
| | | [১.৭] বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন | [১.৭.১] নতুন মিশন স্থাপন | সংখ্যা | ২.০০ | ০৩ | ০২ | ০৩ | ০২ | ০১ | | | ০৩ | ০৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] আঞ্চলিক, উপ-আঞ্চলিক, বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ ও স্বার্থ সংরক্ষণ | ১৮ | [২.১] বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার এ অংশগ্রহণ | [২.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার | সংখ্যা | ৫.০০ | ৫২ | ৫৫ | ৫৫ | ৫২ | ৫০ | ৪৮ | ৪৫ | ৬০ | ৬০ |
| | | [২.২] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [২.২.১] অংশগ্রহণকৃত নির্বাচন | সংখ্যা | ৩.০০ | ৫ | ৫ | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| | | [২.৩] ঢাকায় বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন | [২.৩.১] আয়োজিত কনফারেন্স/সেমিনার | সংখ্যা | ৩.০০ | ৪ | ৬ | ৭ | ৬ | ৪ | | | ৮ | ৯ |
| | | [২.৪] আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক সভা/সেমিনারে অংশগ্রহণ | [২.৪.১] অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার | সংখ্যা | ৪.০০ | ৫ | ২৭ | ৩০ | ২৮ | ২৪ | ২২ | ২০ | ৩২ | ৩৪ |
| | | [২.৫] বিভিন্ন আঞ্চলিক বিষয়ে সভা/সেমিনার আয়োজন | [২.৫.১] আয়োজিত সভা/সেমিনার | সংখ্যা | ৩.০০ | ৩ | ১৪ | ১৬ | ১৫ | ১৪ | ১২ | ১০ | ১৭ | ১৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] দ্রুততর ও সুদক্ষ কনস্যুলার সেবা প্রদান | ১৮ | [৩.১] বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.১.১] কার্যক্রম চালুকৃত মিশন [ ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | মোট সংখ্যা | ৩.০০ | ৬৩ | ৬৪ | ৭০ | ৬৯ | ৬৮ | ৬৭ | ৬৬ | ৭৩ | ৭৩ |
| | | [৩.২] বিদেশস্থ বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.২.১] কার্যক্রম চালুকৃত মিশন [ ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | মোট সংখ্যা | ৩.০০ | ২২ | ৪০ | ৪৫ | ৪৪ | ৪৩ | ৪২ | ৪১ | ৪৭ | ৫০ |
| | | [৩.৩] অধিক সংখক বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান | [৩.৩.১] প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর সংখ্যা | মিলিয়ন | ২.০০ | ১.৭৯ | ১.০ | ১.০ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ০.৪ | ০.৩ |
| | | [৩.৪] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে পাসপোর্ট প্রদান দ্রুততরকরণ | [৩.৪.১] মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল | দিন | ২.০০ | ৪৫ | ৩০ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ২২ | ২০ |
| | | [৩.৫] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে কন্স্যুলার সেবা প্রদান দ্রুততরকরণ | [৩.৫.১] কন্স্যুলার সেবা প্রদানকাল | দিন | ৩.০০ | ৭ | ৭ | ৪ | | ৫ | | ৬ | ৪ | ৪ |
| | | [৩.৬] ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রনালয় হতে দ্রুততর কন্স্যুলার সেবা প্রদান | [৩.৬.১] কন্স্যুলার সেবা প্রদানকাল | দিন | ২.০০ | ০৫ | ৫ | ৪ | | | | ৫ | ৪ | ৩ |
| | | [৩.৭] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে বিদেশী নাগরিকদের অধিকহারে ভিসা প্রদান | [৩.৭.১] বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসা | লক্ষ | ২.০০ | ৩.৫ | ৩.৪ | ৩.৬ | ৩.৫৫ | ৩.৫০ | ৩.৪৫ | ৩.৪০ | ৩.৬৫ | ৩.৭০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [৩.৮] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসে বসবাসরত বাংলাদেশীদের জন্মনিবন্ধন কার্যক্রম সম্পাদন করা | [৩.৮.১] সম্পাদিত জন্মনিবন্ধন এর সংখ্যা | মিলিয়ন | ১.০০ | ১.০ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ০.৫ | ০.৪ | ০.৪ | ০.৩ |
| [৪] বাংলাদেশের পণ্য ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা | ১০ | [৪.১] বিদেশে বাণিজ্যমেলা আয়োজন | [৪.১.১] আয়োজিত বাণিজ্য মেলা | সংখা | ৩.০০ | ৮ | ৮ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৯ | ১০ |
| | | [৪.২] সংশ্লিষ্ট দেশের বানিজ্যিক চেম্বার নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন | [৪.২.১] আয়োজিত সভা | সংখা | ২.০০ | ১০ | ১০ | ১২ | ১১ | ১০ | ০৯ | ৮ | ১৩ | ১৪ |
| | | [৪.৩] শ্রম বাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট দেশের সরকারী ও বেসরকারি নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা আয়োজন | [৪.৩.১] আয়োজিত সভা | সংখা | ৩.০০ | ১০ | ১০ | ২০ | ১৭ | ১৫ | ১২ | ১০ | ২৫ | ৩০ |
| | | [৪.৪] বিদেশী আমদানিকারকদের বাংলাদেশে ভ্রমন আয়োজন | [৪.৪.১] আয়োজিত ভ্রমন | সংখ্যা | ১.০০ | ১০ | ১০ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ১২ | ১৪ |
| | | [৪.৫] বিদেশী সাংবাদিকদের জন্য "ভিজিট বাংলাদেশ" কর্মসূচি আয়োজন করা | [৪.৫.১] আমন্ত্রিত সাংবাদিক | সংখা | ১.০০ | ০৮ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৫] জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল ও সফল অংশগ্রহণ এবং বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তির উন্নয়ন | ৫ | [৫.১] সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৫.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | সংখ্যা | ২.৫০ | ০৪ | ০৯ | ১০ | ০৮ | ০৭ | | | ১০ | ১১ |
| | | [৫.২] আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ (ইন্টারভেনশন) | [৫.২.১] প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট | সংখ্যা | ২.৫০ | ০৪ | ০২ | ০৫ | ০৪ | ০৩ | | | ০৫ | ০৬ |
| [৬] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার আয়োজন ও বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | ৫ | [৬.১] অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৬.১.১] স্বাক্ষরিত চুক্তি | সংখ্যা | ২.৫০ | ০৪ | ০২ | ০৫ | ০৪ | ০৩ | | | ০৪ | ০৪ |
| | | [৬.২] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | [৬.২.১] অংশগ্রহণকৃত আলোচনা | সংখ্যা | ২.৫০ | ১০ | ০৭ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | | ১০ | ১১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৭] আঞ্চলিক ও বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত অভিযোজন। | ৩ | [৭.১] আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৭.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | সংখ্যা | ১.৫০ | ০৪ | ০৯ | ১০ | ০৮ | ০৭ | ০৫ | ০৪ | ১০ | ১১ |
| | | [৭.২] সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৭.২.১] স্বাক্ষরিত চুক্তি | সংখ্যা | ১.৫০ | ০৪ | ০২ | ০৪ | ০৩ | ০২ | | | ০৫ | ০৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | 08.06.2016 |
| সচিব<br>পররাষ্ট্র মন্ত্রণালয় | তারিখ |
| ........................................ | 08.06.2016 |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এম আর পি | মেশিন রিডেবল পাসপোর্ট |
| ২ | এম আর ভি | মেশিন রিডেবল ভিসা |
| ৩ | সার্ক | দক্ষিণ এশিয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা |
| ৪ | বিমসটেক | বহুমুখী কারিগরি ও অর্থনৈতিক সহযোগিতার বঙ্গোপসাগরীয় উদ্যোগ |
| ৫ | বিসিআইএম | বাংলাদেশ চায়না ইন্ডিয়া মিয়ানমার ইকোনমিক করিডোর |
| ৬ | FOC | Foreign Office Consultation |
| ৭ | IMO | International Maritime Organization |
| ৮ | OPCW | Organization for the Prohibition of Chemical Weapons |
| ৯ | GFMD | Global Forum on Migration and Development |
| ১০ | ICAO | International Civil Aviation Organization |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | [১.১.১] অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) কূটনীতির আধুনিকতম ধারণা। বর্তমানে অধিকাংশ উন্নত দেশ পররাষ্ট্র মন্ত্রী কিংবা পররাষ্ট্র সচিব পর্যায়ে FOC এর মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণপূর্বক চুক্তি কিংবা সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়াস নেন। FOC এর মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্কে গতিশীলতা বৃদ্ধি পায় । | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত এবং অংশগ্রহণকৃত FOC এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন | [১.২.১] আয়োজিত বৈঠক | মন্ত্রী পর্যায়ের বৈঠক দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বৈঠকের সংখ্যা পূর্বনির্ধারিত নয় বিধায় এক বছরে অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা অন্য বছর থেকে কম-বেশি হতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত বৈঠকের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর | [১.৩.১] স্বাক্ষরিত চুক্তি | যে কোনো সফল কূটনৈতিক নিগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। চুক্তি স্বাক্ষরের মাধ্যমে একটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকার আবদ্ধ হয় যার কারণে ঐ দেশটি আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | যে কোনো সফল কূটনৈতিক নিগোসিয়েশনের ফলাফল হচ্ছে সমঝোতা স্মারক সম্পাদন। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে একটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকার আবদ্ধ হয় । | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সমঝোতা স্মারকের বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | স্বাক্ষরিত সমঝোতা স্মারকের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] বিদেশী সরকার ও রাষ্ট্র প্রধানের বাংলাদেশ সফর আয়োজন | [১.৫.১] আয়োজিত সফর | কোনো রাষ্ট্রপ্রধান কিংবা সরকারপ্রধান পর্যায়ের সফর ভিভিআইপি সফর হিসেবে চিহ্নিত হয়। দুইটি দেশের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও পারস্পরিক সহযোগিতার চূড়ান্ত নিদর্শণ হচ্ছে ভিভিআইপি সফর যার মাধ্যমে দুইটি দেশ দ্বিপাক্ষিক সম্পর্ককে উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফরের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফর আয়োজন | [১.৬.১] আয়োজিত সফর | রাষ্ট্রীয় সফর গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে । এসব সফরকালে বিভিন্ন দিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় যা দ্বিপাক্ষিক সম্পর্কে গতিশীলতা আনে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফরের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন | [১.৭.১] নতুন মিশন স্থাপন | পরিবর্তনশীল বিশ্ব ব্যবস্থায় বাংলাদেশের কূটনৈতিক কর্মকান্ড এখন বহুমাত্রিক। বাংলাদেশের ক্রমবর্ধমান কূটনৈতিক ও রাজনৈতিক গুরুত্বের প্রেক্ষিতে এবং বহির্বিশ্বে বাংলাদেশের অবস্থান আরো সুদৃঢ় করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাজের পরিধি বৃদ্ধি পেয়েছে। স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের জন্য একটি সমন্বিত, কার্যকর ও বেগবান পররাষ্ট্রনীতি ও সরকারের গৃহীত রুপকল্পের আলোকে ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশে উত্তরণের নিমিত্ত বহির্বিশ্বে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি ও তৎপরতা অধিকতর দৃশ্যমান করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ দেশে নতুন নতুন মিশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | নতুন চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার এ অংশগ্রহণ | [২.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার | বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে বৈশ্বিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে সকল দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার এর বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [২.২.১] অংশগ্রহণকৃত নির্বাচন | জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করা এবং বিশ্ববাসীর কাছে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে সংস্থাসমূহের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নির্বাচনে অংশগ্রহণ এবং জয়লাভ খুবই গুরুত্ব বহন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত নির্বাচনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়র বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] ঢাকায় বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন | [২.৩.১] আয়োজিত কনফারেন্স/সেমিনার | দেশের উজ্জ্বল ভাবমূর্তি বিশ্ব দরবারে তুলে ধরার ক্ষেত্রে ঢাকায় আয়োজিত এইসব বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ মধ্যম মাত্রার এই রকম বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজনে তার সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে আসছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার এর বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | আয়োজিত কনফারেন্স/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক সভা/সেমিনারে অংশগ্রহণ | [২.৪.১] অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার | আঞ্চলিক সভা বা সেমিনারে আঞ্চলিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে অন্যান্য দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে।আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা স্থাপন ও সুদৃঢ় করার ক্ষেত্রে এবং বাংলাদেশের জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব সভা ও সেমিনারে অংশগ্রহণ এবং বাংলাদেশের অবস্থান তুলে ধরা খুবই গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] বিভিন্ন আঞ্চলিক বিষয়ে সভা/সেমিনার আয়োজন | [২.৫.১] আয়োজিত সভা/সেমিনার | সার্ক, বিমসটেক, বিসিআইএম এ বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু সংস্থাগুলির মূল কার্যক্রমে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বিভিন্ন সভা, সেমিনার আয়োজন করা প্রয়োজন। উক্ত আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্র উন্মোচনের প্রয়াসেও বিভিন্ন সভা, সেমিনার আয়োজন করা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | আয়োজিত সভা/সেমিনারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.১.১] কার্যক্রম চালুকৃত মিশন [ ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ স্ব স্ব নাগরিকদের এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন করতে সচেষ্ট কেননা ২০১৫ সালের ২৪ নভেম্বর এর পর আর কোনো নাগরিক এমআরপি পাসপোর্ট ছাড়া বিমান ভ্রমণে অনুমতি পাচ্ছে না এবং সকল হাতে লেখা পাসপোর্ট অপ্রচলিত হয়ে গেছে । এই প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় সকল বিদেশস্থ মিশনসমূহে এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করেছে । | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | এমআরপি কার্যক্রম চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] বিদেশস্থ বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.২.১] কার্যক্রম চালুকৃত মিশন [ ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ এমআরভি কার্যক্রম চালু করতে বাধ্য। এই প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরভি প্রদান কার্যক্রম চালু করেছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | এমআরভি কার্যক্রম চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] অধিক সংখক বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান | [৩.৩.১] প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর সংখ্যা | ICAO এর নির্দেশনা অনুযায়ী বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে সকল প্রবাসী বাংলাদেশীকে এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু রয়েছে । | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | সেবা গ্রহীতার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে পাসপোর্ট প্রদান দ্রুততরকরণ | [৩.৪.১] মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল | বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে একজন প্রবাসী বাংলাদেশীকে এমআরপি পাসপোর্ট প্রদান করতে প্রায় দুই মাস লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় এই এমআরপি প্রক্রিয়াকরণের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে পাসপোর্ট প্রদানকাল এক মাসের নিম্নে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | আবেদনের পর পাসপোর্ট প্রদান মধ্যবর্তী সময় (দিন) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে কন্স্যুলার সেবা প্রদান দ্রুততরকরণ | [৩.৫.১] কন্স্যুলার সেবা প্রদানকাল | বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে কতিপয় কন্স্যুলার সেবা তথা পুলিশ ক্লিয়ারেন্স ও পাওয়ার অব অ্যাটর্নি বিষয়ক সেবা প্রদান করতে প্রায় দুই সপ্তাহ লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় কন্স্যুলার সেবা প্রদান বিষয়ক এই কার্যক্রমের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে সেবা প্রদানকাল ৪ দিনে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ,বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | কর্মসম্পাদনের সময় (দিন) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৬] ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রনালয় হতে দ্রুততর কন্স্যুলার সেবা প্রদান | [৩.৬.১] কন্স্যুলার সেবা প্রদানকাল | বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে কতিপয় কন্স্যুলার সেবা তথা পুলিশ ক্লিয়ারেন্স ও পাওয়ার অব অ্যাটর্নি বিষয়ক সেবা প্রদান করতে প্রায় দুই সপ্তাহ লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় কন্স্যুলার সেবা প্রদান বিষয়ক এই কার্যক্রমের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে সেবা প্রদানকাল ৩ দিনে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | কর্মসম্পাদনের সময় (দিন) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৭] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে বিদেশী নাগরিকদের অধিকহারে ভিসা প্রদান | [৩.৭.১] বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসা | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ বাংলাদেশে ভ্রমনেচ্ছু বিদেশী নাগরিকদের ভিসা প্রদান করে থাকে। ভিসা প্রদান কার্যক্রমকে মেশিন রিডেবল করার মাধ্যমে প্রক্রিয়াটিকে আরো দক্ষ করার প্রয়াস অব্যাহত রয়েছে | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | প্রদত্ত ভিসার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৮] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসে বসবাসরত বাংলাদেশীদের জন্মনিবন্ধন কার্যক্রম সম্পাদন করা | [৩.৮.১] সম্পাদিত জন্মনিবন্ধন এর সংখ্যা | মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু করার ক্ষেত্রে যেসব আবেদনকারীর জন্মনিবন্ধন সনদ থাকেনা, তাদের জন্মনিবন্ধন কার্যক্রম মিশনসমূহ হতে সম্পাদন করা হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | ইস্যুকৃত জন্মনিবন্ধন সনদের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] বিদেশে বাণিজ্যমেলা আয়োজন | [৪.১.১] আয়োজিত বাণিজ্য মেলা | বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণ এবং নতুন বাজার অনুসন্ধানের উদ্দেশ্যে বিভিন্ন দেশে বাণিজ্য মেলার আয়োজন করা হয় যা বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণের পাশাপাশি বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানী উন্নয়ন ব্যুরো | আয়োজিত বাণিজ্য মেলার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] সংশ্লিষ্ট দেশের বানিজ্যিক চেম্বার নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন | [৪.২.১] আয়োজিত সভা | বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট দেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে স্বাগতিক দেশের সরকারী কর্মকর্তা এবং শিল্প ও বনিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন করা হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সভা সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] শ্রম বাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট দেশের সরকারী ও বেসরকারি নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা আয়োজন | [৪.৩.১] আয়োজিত সভা | শ্রমবাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে স্বাগতিক দেশের সংশ্লিষ্ট সরকারী নেতৃবৃন্দ এবং মন্ত্রী পর্যায়ের আলোচনা জনশক্তি রপ্তানির পথ সুগম করতে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আয়োজিত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] বিদেশী আমদানিকারকদের বাংলাদেশে ভ্রমন আয়োজন | [৪.৪.১] আয়োজিত ভ্রমন | বাংলাদেশের রপ্তানিযোগ্য পণ্যসম্ভার বিদেশী আমদানিকারকদের নিকট পরিচিত করে তোলার জন্য এ ধরনের ভ্রমণ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত ভ্রমনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৫] বিদেশী সাংবাদিকদের জন্য "ভিজিট বাংলাদেশ" কর্মসূচি আয়োজন করা | [৪.৫.১] আমন্ত্রিত সাংবাদিক | বাংলাদেশের শিল্প, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, সামাজিক, অর্থনৈতিক ও প্রাকৃতিক সৌন্দর্য বিশ্ব দরবারে ইতিবাচকভাবে তুলে ধরার জন্য এই কর্মসূচির আওতায় প্রতিবছর দুইবার বিভিন্ন দেশের সাংবাদিকদের বাংলাদেশে আমন্ত্রণ জানানো হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রতিবছর আমন্ত্রিত সাংবাদিকদের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৫.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক অবকাঠামোয় জলবায়ু পরিবর্তন, অভিবাসন এবং টেকসই উন্নয়ন লক্ষমাত্রা এবং বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত আলোচনা, সেমিনার এবং কর্মশালায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকেন | পররাষ্ট্র মন্ত্রণালয় এবংবিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.২] আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ (ইন্টারভেনশন) | [৫.২.১] প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট | বিভিন্ন বহুপাক্ষিক সভা/সেমিনারে অংশগ্রহণ করা পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশের অবস্থান তুলে ধরা এবং আউটকাম ডকুমেন্টে বাংলাদেশের অবস্থানের প্রতিফলন নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তারা কাজ করে থাকেন। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্টের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৬.১.১] স্বাক্ষরিত চুক্তি | পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহায়তায় বিভিন্ন দেশের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর করে থাকে। এ ক্ষেত্রে উক্ত চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | [৬.২.১] অংশগ্রহণকৃত আলোচনা | বাংলাদেশের উন্নয়ন সহযোগী দেশগুলোর সাথে উন্নয়ন সহযোগিতা বিষয়ক আলোচনা বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ আয়োজন করে থাকে। এ ক্ষেত্রে উক্ত আলোচনার বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবংবিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.১] আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৭.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | আঞ্চলিক ও বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত উপযোজনের লক্ষ্যে সমসাময়িক বিষয়ের ওপর বিভিন্ন দেশে আয়োজিত আলোচনা, সেমিনার এবং কর্মশালায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকে | পররাষ্ট্র মন্ত্রণালয় এবংবিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.২] সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৭.২.১] স্বাক্ষরিত চুক্তি | পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহায়তায় বিভিন্ন দেশের সঙ্গে সহযোগিতা চুক্তি স্বাক্ষর করে থাকে। এ ক্ষেত্রে উক্ত চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবংবিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্ট এর সংখ্যা ,বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসা ,মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল,কার্যক্রম চালুকৃত মিশন [ ক্রম পুঞ্জিভূত সংখ্যা] ,কার্যক্রম চালুকৃত মিশন [ ক্রম পুঞ্জিভূত সংখ্যা] | এমআরপি কার্যক্রম চালু সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত এবং কারিগরী সহায়তা প্রদান। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মুদ্রিত করে সকল প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদান। | MRP সংক্রান্ত তথ্যসমূহ মিশনে ডাটা এন্ট্রি দেয়ার পর DIP মূল সার্ভারে চলে আসে। DIP থেকে MRP মুদ্রিত হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৌছায় । পাসপোর্ট মুদ্রণের সময় পররাষ্ট্র মন্ত্রণালয়কে সম্পূর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওপর নির্ভর করতে হয়। | |
| মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয় | আয়োজিত বাণিজ্য মেলা | বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পণ্যসামগ্রী প্রদর্শন এবং প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পণ্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণ । | বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পণ্যসামগ্রী প্রদর্শন এবং প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পণ্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ওপর নির্ভরশীল | |
| মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আয়োজিত সভা | বিদ্যমান শ্রমবাজার সুসংহতকরণর পাশাপাশি নতুন শ্রমবাজার অন্বেষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ । | বিদেশে প্রবাসী বাংলাদেশীদের জন্য কর্মসংস্থান সৃষ্টির দায়িত্ব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের । | |